

স্মারক নং-৫৬.০৪.০০০০.০০৩.১৪.০২১.১৬-১৩১

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
২২ মে ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর শিক্ষকদের জন্য ICT in Education Literacy, Troubleshooting & Maintenance বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক স্থাপিত সারা দেশে ২৯০১ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর শিক্ষকদের জন্য “ICT in Education Literacy, Troubleshooting & Maintenance” বিষয়ক প্রশিক্ষণের নিমিত্ত কারিগরি শিক্ষা অধিদপ্তরের সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর বিগত ০৩/০৫/২০১৭ খ্রি. তারিখে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। সে অনুযায়ী গত ২১/০৫/২০১৭ খ্রি. তারিখ হতে বিভিন্ন জেলায় উক্ত প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে, তাঁর দপ্তর থেকে জানা গিয়েছে যে, মোট ২৩ টি জেলায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের ভোকেশনাল প্রশিক্ষণ কেন্দ্র নেই এবং যে সমস্ত জেলায় ভোকেশনাল প্রশিক্ষণ কেন্দ্র নেই সে সমস্ত জেলার প্রশিক্ষণ কার্যক্রম পার্শ্ববর্তী জেলায় গ্রহণ করার প্রস্তাব করা হয়েছে। মাঠ প্রশাসন ও মাঠ পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কর্মকর্তাগণ -কে বিষয়টি জানানো হলে তা’রা অবহিত করেন যে, এক জেলার প্রশিক্ষণ অন্য জেলায় করা হলে প্রশাসনিক জটিলতা সহ শিক্ষকগণের উপস্থিতি নিশ্চিত করা দুরূহ হয়ে পড়বে।

০২। এমতাবস্থায়, যে সকল জেলায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের ভোকেশনাল প্রশিক্ষণ কেন্দ্র নেই, সে সমস্ত জেলার শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর শিক্ষকগণের সংশ্লিষ্ট জেলার অন্য কোন প্রশিক্ষণ ইনস্টিটিউট -এ প্রশিক্ষণ কার্যক্রম আয়োজনের ব্যবস্থা নেয়া জরুরী। এ বিষয়ে জেলা পর্যায়ে প্রশিক্ষণ কর্মসূচি, সংশ্লিষ্ট জেলা সমন্বয়কারী অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কর্মকর্তাগণের সঙ্গে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা পর্যায়ে তাঁর নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো।



(বনমালী ভৌমিক)

২২/৫/২০১৭
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ফোনঃ ০২-৮১৮১১০০ (অফিস)

banamalibhowmick@doict.gov.bd

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি/ কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২. সিস্টেমস ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩. পরিচালক (অর্থ ও প্রশাসন / পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. জেলা প্রশাসক (সকল)।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) (সকল)।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল জেলা সদর).....।
৮. সহকারী প্রোগ্রামার (সকল জেলা সদর).....।
৯. অফিস নথি/ মাস্টার ফাইল।